

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬১৬

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ ওয়ায-নসীহত এবং তাতে মধ্যমপন্থা অবলম্বন করার বিবরণ

আরবী

وَعَن مُعاوِيةَ بنِ الحَكَمِ السُّلَمِيِّ قَالَ: بَيْنَا أَنَا أُصَلِّي مَعَ رَسُولِ اللهِ عَلَىٰ إِذْ عَطَسَ رَجُلٌ مِنَ القَوْمِ فَقُلْتُ: وَاثُكُلُ أُمِّيَاهُ مَا شَأَنُكُمْ مِنَ القَوْمِ فَقُلْتُ: وَاثُكُلُ أُمِّيَاهُ مَا شَأَنُكُمْ مِنَ القَوْمِ فَقُلْتُ: وَاثُكُلُ أُمِّيَاهُ مَا شَأَنُكُمْ تَنْظُرُونَ إِلَيَّ فَجَعَلُوا يَضْرِبُونَ بِأَيدِيهِم عَلَى أَفْخَاذِهِمْ فَلَمَّا رَأَيْتُهُمْ يُصَمِّتُونَنِي لَكِنِي سَكَتُ فَلَمَّا صَلِّى رَسُولُ اللهِ عَلَي اللهِ عَلَي أَفْخَاذِهِم مَا رَأَيْتُ مُعَلِّماً قَبْلَهُ وَلاَ بَعْدَهُ أَحْسَنَ تَعْلِيماً مَنْهُ فَوَاللهِ مَا كَهَرَني وَلاَ ضَرَبَنِي وَلاَ شَتَمنِي قَالَ إِنَّ هذهِ الصَّلاَةَ لاَ يَصِلُحُ فِيها شَيْءٌ مِنْ كَلامِ النَّاسِ إِنَّمَا هِيَ التَّسْبِيحُ وَالتَّكْبِيرُ وَقِراءةُ القُرْآنِ أَوْ كَمَا قَالَ رَسُولُ اللهِ عَلَيْ مَنْ مِنْ كَلامِ النَّاسِ إِنَّمَا هِيَ التَسْبِيحُ وَالتَّكْبِيرُ وَقِراءةُ القُرْآنِ أَوْ كَمَا قَالَ رَسُولُ اللهِ عَلَيْ مَنْ مَن كَلامِ النَّاسِ إِنَّمَا هِيَ التَسْبِيحُ وَالتَّكْبِيرُ وَقِراءةُ القُرْآنِ أَوْ كَمَا قَالَ رَسُولُ اللهِ عَلَى اللهُ اللهِ عَلَى اللهُ اللهِ عَلَى اللهُ عَلَيْ مَنْ اللهِ اللهِ عَلَى اللهُ اللهِ إِنِي حَدِيثُ عَهْدِ بِجَاهِلِيَّةٍ وَقَدْ جَاءَ اللهُ بِالْإِسْلامِ وَإِنَّ مِنَا رِجَالًا عَلَى ذَاكَ شَيْء يَجِدُونَهُ في عَلَيْ وَلَا لَكُونَ الْكُولُ الْكُونَ ؟ قَالَ ذَاكَ شَيْء يَجِدُونَهُ في صَدُوهِمْ فَلاَ يَصُدُوهِمْ فَلاَ يَصَدُونَهُ مُ رواه مسلم

বাংলা

(১৬১৬) মুআবিয়া ইবনে হাকাম সুলামী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি (একবার) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে নামায পড়ছিলাম। ইত্যবসরে হঠাৎ একজন মুক্তাদীর ছিঁক (হাঁচি) হলে আমি (তার জবাবে) 'য়্যারহামুকাল্লাহ' (আল্লাহ তোমাকে রহম করুন) বললাম। তখন অন্য মুক্তাদীরা আমার দিকে দৃষ্টি নিক্ষেপ করতে লাগল। আমি বললাম, 'হায়! হায়! আমার মা আমাকে হারিয়ে ফেলুক! তোমাদের কী হয়েছে যে, তোমরা আমার দিকে তাকিয়ে দেখছো?' (এ কথা শুনে) তারা তাদের নিজ নিজ হাত দিয়ে নিজ নিজ উরুতে আঘাত করতে লাগল। তাদেরকে যখন দেখলাম যে, তারা আমাকে চুপ করাতে চাচ্ছে (তখন তো আমার অত্যন্ত রাগ হয়েছিল); কিন্তু আমি চুপ হয়ে গেলাম। অতঃপর আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নামায সমাপ্ত করলেন—আমার পিতা-মাতা তাঁর জন্য কুরবান হোক, আমি তাঁর চেয়ে উত্তম শিক্ষাদাতা না আগে দেখেছি আর না এর পরে।

আল্লাহর শপথ! তিনি না আমাকে তিরস্কার করলেন, আর না আমাকে মারধর করলেন, আর না আমাকে গালি দিলেন—তখন তিনি বললেন, এই নামাযে লোকেদের কোন কথা বলা বৈধ নয়। (এতে যা বলতে হয়,) তা হল



তাসবীহ, তাকবীর ও কুরআন পাঠ। অথবা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই মত কোন কথা বললেন। আমি বললাম, 'ইয়া রাসূলাল্লাহ! আমি জাহেলিয়াতের লাগোয়া সময়ের (নও মুসলিম)। আল্লাহ ইসলাম আনয়ন করেছেন। আমাদের মধ্যে কিছু লোক গণকের কাছে (অদৃষ্ট ও ভবিষ্যৎ জানতে) যায়।' তিনি বললেন, তুমি তাদের কাছে যাবে না। আমি বললাম, 'আমাদের মধ্যে কিছু লোক অশুভ লক্ষণ গ্রহণ ক'রে থাকে।' তিনি বললেন, এটা এমন একটি অনুভূতি, যা লোকেরা নিজেদের অন্তরে উপলব্ধি ক'রে থাকে। সুতরাং এই অনুভূতি তাদেরকে যেন (বাঞ্ছিত কর্ম সম্পাদনে) বাধা না দেয়।

ফুটনোট

(মুসলিম ১২২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবনু হাকাম (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন